



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড  
আগারগাঁও, শেরেবাংলা নগর  
ঢাকা-১২০৭  
www.bteb.gov.bd



স্মারক নংঃ- ৫৭.১৭.০০০০.২০২.৩৭.০১১.২২.১৮

তারিখ: ২৯/০৬/২০২২ খ্রি.

## বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এইচএসসি (বিএমটি) শিক্ষাক্রমের ৫টি স্পেশলাইজেশন ও ১টি আবশ্যিক বিষয়ে (কম্পিউটার অফিস অ্যাপ্লিকেশন) NTVQF এলাইন করে দ্বৈত সনদায়নের ব্যবস্থা রেখে পরিমার্জন করা হয়েছে। এইচএসসি (বিএমটি) শিক্ষাক্রম NTVQF স্কিল লেভেলের সাথে অ্যালাইন করা হয়েছে।

কোন শিক্ষার্থী একাদশ ও দ্বাদশ শ্রেণির আবশ্যিক বিষয় কম্পিউটার অফিস অ্যাপ্লিকেশন পত্র ১ ও ২ এর বিপরীতে কম্পিউটার অপারেশন অকুপেশনের সংশ্লিষ্ট লেভেলের অ্যাসেসমেন্টে অংশগ্রহণ করে জাতীয় দক্ষতা সনদ অর্জন করতে পারবে। একজন শিক্ষার্থীর দক্ষতা সনদ অর্জনের ফলে কম্পিউটার অফিস অ্যাপ্লিকেশন এর সংশ্লিষ্ট পত্র বা পত্রসমূহের ব্যবহারিক চূড়ান্ত ফলাফলে A+ গ্রেড প্রাপ্তি হিসেবে গণ্য হবে। একাদশ / দ্বাদশ শ্রেণির চূড়ান্ত পরীক্ষা শেষ হওয়ার এক মাস পূর্বে এই সনদ অর্জন করলে তা চূড়ান্ত ফলাফলে যুক্ত হবে।

এইচএসসি (বিএমটি) শিক্ষাক্রমের অধ্যয়নরত শিক্ষার্থীগণ একাদশ বা দ্বাদশ শ্রেণির সংশ্লিষ্ট স্পেশলাইজেশনের বিপরীতে অনুচ্ছেদ ১ এর ন্যায় নিম্নবর্ণিত অকুপেশনসমূহের সংশ্লিষ্ট লেভেলের অ্যাসেসমেন্টে অংশগ্রহণ করে দ্বৈত সনদায়ন ও A+ গ্রেড এর সুযোগ গ্রহণ করতে পারবে।

ক্র.সং.	বিষয়	অ্যাসেসমেন্টের বিষয়	বিষয় সংশ্লিষ্ট বোর্ড নির্ধারিত অকুপেশনাল লেভেল
১	ডিজিটাল টেকনোলজি ইন বিজনেস	আইটি সাপোর্ট, গ্রাফিক ডিজাইন, ওয়েব মাস্টারিং	বিষয় সংশ্লিষ্ট বোর্ড নির্ধারিত অকুপেশনাল লেভেল
২	ফিন্যান্সিয়াল কাস্টমার সার্ভিসেস	ফিন্যান্সিয়াল সার্ভিস এ্যাসিস্টেন্স	বিষয় সংশ্লিষ্ট বোর্ড নির্ধারিত অকুপেশনাল লেভেল
৩	ই-বিজনেস	সার্চ ইঞ্জিন অপটিমাইজেশন, ডিজিটাল মার্কেটিং	বিষয় সংশ্লিষ্ট বোর্ড নির্ধারিত অকুপেশনাল লেভেল
৪	কম্পিউটারাইজড একাউন্টিং সিস্টেমস	একাউন্টিং এ্যাসিস্টেন্স	বিষয় সংশ্লিষ্ট বোর্ড নির্ধারিত অকুপেশনাল লেভেল
৫	হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট	হিউম্যান রিসোর্স এ্যাসিস্টেন্স	বিষয় সংশ্লিষ্ট বোর্ড নির্ধারিত অকুপেশনাল লেভেল

অ্যাসেসমেন্টসমূহ বোর্ড অনুমোদিত রেজিস্টার্ড ট্রেনিং অর্গানাইজেশন (আরটিও)/অ্যাসেসমেন্ট সেন্টার-এ সম্পন্ন করা যাবে।


যে সকল শিক্ষার্থীরা নির্ধারিত অকুপেশনের দক্ষতা প্রশিক্ষণ ও সনদ গ্রহণের ইচ্ছা পোষণ করবে তাদেরকে ব্যবহারিক ক্লাশে অতিরিক্ত সময়ে অনুশীলনের সুযোগ প্রদান করা যেতে পারে।

শিক্ষক কর্তৃক ধারাবাহিক মূল্যায়নের অংশ হিসেবে সামোটিভ অ্যাসেসমেন্টের (কোর্স সমাপনান্তে বোর্ড কর্তৃক গৃহীত অ্যাসেসমেন্ট) পূর্বে কমপক্ষে দুটি ফরমেটিভ অ্যাসেসমেন্ট (কোর্স চলাকালীন সময় শিক্ষক কর্তৃক সম্পাদিত) গ্রহণ করতে হবে। তবে বোর্ডের অধীনে সামোটিভ অ্যাসেসমেন্ট এর পূর্বে প্রত্যেক অ্যাসেসমেন্টে একটি প্রি-টেস্ট / মক টেস্টে অংশগ্রহণ করতে হবে। নিচের টেবিলে ফরমেটিভ অ্যাসেসমেন্ট ও সামষ্টিক মূল্যায়ন (সামোটিভ অ্যাসেসমেন্টের) এর মধ্যে মূল পার্থক্যসমূহ উপস্থাপন করা হয়েছেঃ

ক্ষেত্র	ফরমেটিভ অ্যাসেসমেন্ট	সামষ্টিক মূল্যায়ন (সামোটিভ অ্যাসেসমেন্ট)
কখন মূল্যায়ন	শিখন-শেখানো কার্যক্রম চলাকালীন সময়ে	একটি নির্দিষ্ট সময় পর পর(বার্ষিক)
মূল্যায়নের উদ্দেশ্য	শিক্ষার্থীর শিখনকে ত্বরান্বিত করা	শিক্ষার্থীর শিখনের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ
ফলাবর্তন (Feedback)	শিখন তথ্যের ভিত্তিতে (ফলাবর্তন) এবং নতুন কৌশল প্রয়োগ	চূড়ান্ত সিদ্ধান্ত (ফলাবর্তনের সুযোগ নেই)
মূল্যায়নের ধরণ	একজন শিক্ষার্থীর	সকল শিক্ষার্থীকে একটি পূর্ব নির্ধারিত মানদণ্ডের ভিত্তিতে মূল্যায়ন

কোন শিক্ষার্থী সংশ্লিষ্ট স্পেশালাইজেশনের যেকোন একটি অকুপেশনে জাতীয় কারিগরি ও বৃত্তিমূলক যোগ্যতা কাঠামোর লেভেল এ কম্পিটেন্ট হলে সংশ্লিষ্ট স্পেশালাইজেশনের নির্ধারিত ব্যবহারিক পরীক্ষায় A+ সমপরিমান নম্বর প্রদান করা হবে।

জাতীয় যোগ্যতা কাঠামোর আওতায় স্তর ভিত্তিক অ্যাসেসমেন্ট সরকার কর্তৃক ঘোষিত যোগ্যতা কাঠামো বাস্তবায়ন ও অ্যাসেসমেন্ট গাইড লাইন অনুযায়ী অনুষ্ঠিত হবে।


  
(প্রকৌশলী ফরিদ উদ্দিন আহমেদ)  
পরিচালক (কারিকুলাম)  
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

স্মারক নংঃ ৪- ৫৭.১৭.০০০০.২০২.৩৭.০১১.২২.১৮(৯)

তারিখ: ২৯/০৬/২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- ৩। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা-১২০৭।
- ৪। পরিচালক(আইটিসি)/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা-১২০৭।
- ৫। অধ্যক্ষ, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান।
- ৬। জনাব .....
- ৭। উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৮। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৯। অফিস নথি।

  
(মোহাম্মদ সাজজাদ মুফতী)  
কারিকুলাম বিশেষজ্ঞ (বিএমটি)  
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড